দৈনিক জনকণ্ঠ

তারিখ 13 APR 1997
পৃষ্ঠা ১ কলাম ৪

# ক্যাম্পাস থেকে সন্ত্রাস নির্মূল করে শিক্ষার মান বাড়াতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ ॥ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শনিবার বলেছেন, তাঁর সরকার শিক্ষার গুণগত মান বাড়াতে এবং শিক্ষকদের মর্যাদা পুনর্প্রতিষ্ঠার জন্য ক্যাম্পাস থেকে সব ধরনের সন্ত্রাস ও অনিয়ম নির্মূল করতে বদ্ধ পরিকর। খবর বাসস'র।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের একটি প্রতিনিধি দল আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে শেখ হাসিনার সঙ্গে সাক্ষাত করতে গেলে তিনি বলেন, "আমরা রাজনৈতিক ও অন্যান্য হীনস্বার্থ আদায়ের জন্য ছাত্রদের কাছে অস্ত্র দেয়ার চর্চার সম্পূর্ণ বিরোধী।"

প্রধানমন্ত্রী বলেন, তিনি যখন বিরোধী দলে ছিলেন তখন তিনি ছাত্রদের কাছে অস্ত্রের পরিবর্তে বই ও খাতা তুলে দিয়েছিলেন।

শিক্ষামন্ত্রী এএইচএসকে সাদেক, ফেডারেশন চেয়ারম্যান

(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## ক্যাম্পাস থেকে

(প্রথম পাতার পর)

শেখ মোহাম্মদ আমানুল্লাহ, মহাসচিব কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি প্রিন্সিপাল জহিরুল ইসলাম, বাংলাদেশ মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব মোহাম্মদ সেলিম ভূঁইয়া, বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির সভাপতি প্রিন্সিপাল আলী আকবর খান এবং বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের মহাসচিব মোহাম্মদ তোহাও এ উপলক্ষে বক্তৃতা করেন।

শিক্ষকদেরকে ভবিষ্যত প্রজন্ম নির্মাণের স্থপতি হিসাবে আখ্যায়িত করে প্রধানমন্ত্রী ফেডারেশনের সদস্যদেরকে তাদের ছাত্রদেরকে এমন ধরনের শিক্ষা ও প্রজ্ঞা দেয়ার আহ্বান জানান যাতে করে তারা ভবিষ্যতে জাতি পরিচালনার দায়িত্ব সঠিক ও যথার্থভাবে পালন করতে পারে। তিনি বলেন, "আপনারা আমাদের নতুন প্রজন্মকে তৈরি করে তুলবেন, যারা আগামী কঠিন ও প্রতিযোগিতামূলক শতাব্দীর চ্যালেঞ্জকে অত্যন্ত সাহসিকতার সাথে মোকাবেলা করতে সক্ষম হবে।"

শিক্ষার মান প্রসঙ্গে বলতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, "তার সরকার কুদরত-ই-খুদা শিক্ষা নীতির আলোকে বিজ্ঞান, প্রযুক্তি ও সময়ের প্রয়োজনের ওপর ভিত্তি করে একটি আধুনিক শিক্ষানীতি প্রণয়ন করবে।"

আমাদের জনশক্তি ও প্রাকৃতিক সম্পদ—এ দু'টি থাকা সত্ত্বেও জাতি কেন পিছনে পড়ে থাকবে এ প্রশ্ন রেখে প্রধানমন্ত্রী বলেন, "বিশ্ব অনেক দূর এগিয়েছে এবং আরও দ্রুতগতিতে অগ্রসর হচ্ছে।" তিনি বলেন, আমরা যদি এই দু'টিকে যথার্থভাবে কাজে লাগাতে পারি তবে আমরা আমাদের ভাগ্যের পরিবর্তন করতে সক্ষম হবো।" তিনি বলেন, "যে জাতি যুদ্ধ করে তার স্বাধীনতা অর্জন করেছে, সে জাতি দরিদ্র থাকতে পারে না।"